



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।

www.btrc.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিটিআরসি'র চেয়ারম্যানের শ্রদ্ধা নিবেদন

ঢাকা, ১৪ ডিসেম্বর ২০২৩।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর নবযোগদানকৃত চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ। বৃহস্পতিবার (১৪ ডিসেম্বর) সকাল ১১টার দিকে ধানমন্ডি-৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান তিনি।

এ সময় উপস্থিত ছিলেন বিটিআরসি'র স্পেকট্রাম বিভাগের কমিশনার জনাব প্রকৌঃ শেখ রিয়াজ আহমেদ, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের কমিশনার জনাব ড. মুশফিক মাহান চৌধুরী, প্রশাসন বিভাগের মহাপরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন, কমিশন সচিব জনাব মোঃ নূরুল হাফিজসহ বিটিআরসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। পুষ্পস্তবক অর্পণের পর এই অবিসংবাদিত নেতার প্রতি গভীর শ্রদ্ধা জানাতে বিটিআরসি চেয়ারম্যান সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন।

প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ ২০১৯ সালের ৩০ মে বিটিআরসিতে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অপারেশন্স বিভাগের কমিশনার হিসেবে যোগ দেন এবং ২০২২ সালের নভেম্বর থেকে কমিশনের ভাইস-চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। ২০২৩ সালের ১৪ ডিসেম্বর বিটিআরসি'র চেয়ারম্যান নিযুক্ত হন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক এবং পরবর্তীতে ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর (এমবিএ) ডিগ্রি অর্জন করেন।

প্রাপক (সদয় কার্যার্থে):

১। উপ-মহাপরিচালক (বার্তা)

বাংলাদেশ টেলিভিশন এবং

২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;

হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;


বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল; অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

বিতরণ (সদয় অবগতির জন্য):

১। সচিব, বিটিআরসি।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।

অনুরোধক্রমে



মোঃ জাকির হোসেন খান

উপ-পরিচালক

মিডিয়া কমিউঃ এন্ড পাবঃ উইং

বিটিআরসি।

মোবাইল-০১৫৫২২০২৮৪০

zakirkhan@btrc.gov.bd